# উপজেলা পরিষদ, কয়রা, খুলনার নভেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা।
তারিখ ঃ ৩০/১১/২০২৩ খ্রি.।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিতি ঃ পরিশিষ্ট-"ক"।

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ৩০/১০/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক বাসভবন টি জরাজীর্ণ ও বসবাসের অনুপোযোগী হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেরামতের দাবী জানান। সভার সকলে উক্ত ভবনটি জরুরী মেরামতের বিষয়ে মতামত প্রদান করেন এবং উপজেলা প্রকৌশলীকে উক্ত কাজের বাস্তবতার আলোকে প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধের প্রেক্ষিতে উক্ত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের মতামত প্রদান করেন। সভার সকলে উক্ত মতামতের ভিত্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের ভিতরের অংশের কোটেশনের মাধ্যমে ৩,০১,২১৮/- (তিন লক্ষ এক হাজার দুইশত আঠারো) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে প্রাক্কলন প্রস্তুত পূর্বক জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন।<br><br>(খ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে এবং প্রশাসনিক ভবনের ক্লোজ সার্কিট ক্যামেরাগুলো অকেজো অবস্থায় আছে। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে পরিষদের নিরাপত্তার স্বার্থে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়ের জন্য প্রস্তাব করেন। তিনি জানান উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(প) নং অনুচ্ছেদে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সভার সকলে উপজেলা প্রকৌশলীকে উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে বাস্তবতার আলোকে প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধের প্রেক্ষিতে উক্ত কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের মতামত প্রদান করেন। সভার সকলের মতামতের ভিত্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন ও পরিষদের অভ্যন্তরে এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন কাজটি কোটেশনের মাধ্যমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে প্রাক্কলন প্রস্তুত পূর্বক জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন।<br><br>(গ) উপজেলা প্রকৌশলী কয়রা সভায় জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ১৬-০২-২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০২৬. ০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং প্রজ্ঞাপনের আলোকে ৩ (চ) এ বর্ণিত অফিস সরঞ্জাম ক্রয় খাতে বছরে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। তিনি উপজেলা প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা কার্যালয়ে একটি ল্যাপটপ ও একটি প্রিন্টার ক্রয়ের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্প গ্রহণের জন্য প্রস্তাব করেন। সভার সকলের মতামতের ভিত্তিতে উপজেলা পরিষদ, কয়রা, খুলনার কার্যালয়ে একটি ল্যাপটপ ও একটি | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে কোটেশনের মাধ্যমে ৩,০১,২১৮/- (তিন লক্ষ এক হাজার দুইশত আঠারো) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন ও পরিষদের অভ্যন্তরে এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন কাজটি কোটেশনের মাধ্যমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) সভায় এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (চ) এ বর্ণিত অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে উপজেলা প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা কার্যালয়ে একটি | চেয়ারম্যান উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>লক্ষ) টাকার ব্যয়ের কাজটি একটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ব্যয়ের জন্য সভার সকলে একমত পোষণ করেন। উক্ত কাজের প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরূপঃ<br>প্রাক্কলিত মূল্যঃ ১,০০,০০০/-<br>ক্রঃ নং নাম ও পদবী কমিটির পদ<br>১. নাসিমা আলম, মহিলা ভাইস চেয়ারম্যান সভাপতি<br>২. মোঃ আফজাল হোসেন, উপ-সহঃ প্রকৌঃ, এলজিইডি সচিব<br>৩. প্রকাশ দাশ, ইলেক্ট্রিশিয়ান, এলজিইডি সদস্য<br>৪. সৌরভ কুমার, অফিস সহকারী, উপঃপ্রঃবাঃঅফিস সদস্য<br>৫.মোঃ কামরুজ্জামান সানা, কমিঃ অপাঃ, উঃযুঃউঃঅ সদস্য<br>৬. মিহির কান্তি মন্ডল, শিক্ষক সদস্য<br>৭. হাবিবুর রহমান, ভিডিপি সদস্য</td>
<td>ক্রয়ের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রাক্কলনটি প্রকল্প বাস্তবায়ন কমিটি সহ সভায় সর্বসম্মিতিক্রমে অনুমোদিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০২.</td>
<td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৩.</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভার জানান হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৪.</td>
<td>উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় নভেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরণ</th><th>চলতি মাসে</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>টিকা প্রয়োগঃ<br>গবাদি পশু<br>হাঁস মুরগি</td><td><br>৩,০০০ মাত্রা<br>১৪,০০০ মাত্রা</td><td><br>১৯,৮০০ মাত্রা<br>২,২০,৮৯৫মাত্রা</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>চিকিৎসাঃ গবাদি পশু<br>হাঁস মুরগি</td><td>১,৭০০ টি<br>৭,৮৯০ টি</td><td>৮,৩৩৫ টি<br>৩৯,৪৫০ টি</td><td></td></tr>
<tr><td>০৩.</td><td>কৃত্রিম প্রজনন কার্যক্রমঃ (এ/আই)<br>কৃত্রিম প্রজননের বাচ্চাঃ এঁড়ে<br>বকনা</td><td>৩৪০<br>১২৭<br>৫৩</td><td>১৬৭৫<br>৪৫৯<br>২২৯</td><td></td></tr>
</table>
তিনি আরও জানান ঋতু পরিবর্তনের পূর্বে ও পরে সতর্কতার সাথে পশুকে পরিচর্যা করার পরামর্শ প্রদান করেন। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৬.</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনার প্রতিনিধি সভায় অক্টোবর/২০২৩ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>পোনা অবমুক্তকরণ কর্মসূচি-২০২৩</td><td>২০২৩-২৪ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় খাস, সরকারি ও প্রাতিষ্ঠানিক জলাশয় এবং বর্ষপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমিতে ২১টি জলাশয়ে মোট ৭৪৩ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্তকরণ করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা</td><td></td></tr>
</table></td>
<td>--</td>
<td>--</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | অভিযান — হচ্ছে।<br>২০/০৯/২০২৩ খ্রি. পর্যন্ত অর্জন সমূহ:<br>(ক) মোবাইল কোর্ট- ০১টি<br>(খ) অভিযান- ৬৬ টি<br>(গ) আটক- ৬০ জন<br>(ঘ) জেল - ০১ জন<br>(ঙ) জরিমানা- ৬,৩০,৫০০/- টাকা<br>(চ) নিলামের মাধ্যমে আদায়- ৩৬,২০০/- টাকা<br>(ছ) অপদ্রব্য মিশ্রিত/দূষিত/ পুশকৃত চিংড়ি ধ্বংস- ৩৫২২ কেজি | | |
| | | ০৩. "সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট" এর আওতায় চিংড়ী চাষী ক্লাষ্টার এর উন্নয়ন কার্যক্রম — প্রশিক্ষণ:<br>০৪ ব্যাচে ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>চিংড়ি ক্লাষ্টার এর কার্যক্রম:<br>খড়িয়া চিংড়ি চাষী ক্লাষ্টার, খড়িয়া, মহারাজপুর এর অবকাঠামো উন্নয়নের কার্যক্রম চলমান। | | |
| | | ০৪. বিকল্প কর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ — বিকল্প কর্মসংস্থানের জন্য ২৫ জন মৎস্যজীবীর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | | |
| | | ০৫. মৎস্য চাষীর পুকুর/ঘের পরিদর্শন ও পরামর্শ প্রদান — অব্যাহত আছে। | | |
| | | ০৬. অন্যান্য দাপ্তরিক কার্যক্রম — স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ০৭ | উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা। | উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার অক্টোবর/২০২৩ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। | -- | -- |

| সেবার নাম | মোট |
|---|---|
| সক্ষম দম্পত্তি | ৪৩,৬৩৭ জন |
| গ্রহণকারী | ৩৩,১৫১ জন |
| সি এ আর | ৭৫.৯৭% |
| স্থায়ী পদ্ধতিঃ | পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০১ জন সর্বমোটঃ ০১ জন। |
| আই ইউ ডি | নতুন ১২ জন |
| ইমপ্ল্যান্ট | নতুন ৪৫ জন |
| ইনজেকটেবলস | ৪,২৪৫ জন |
| খাবার বড়ি | ২১,২০২ জন |
| কনডম | ২,১০০ জন |
| মা ও শিশু স্বাস্থ্য সেবা | |
| গর্ভবতীর সংখ্যা | ১৭৭৪ জন |
| এএনসি | ২৭৫ জন |
| পিএনসি | ৭৭ জন |
| ডেলিভারি | UH&FWC : ০২ জন ও সিএসবিএ কর্তৃক: ০০ জন সর্বমোট: ০২ জন। |
| জীবিত জন্ম | ০২ জন |
| মাতৃমৃত্যু | ০ জন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শিশু মৃত্যু: ০ জন<br>শিশু স্বাস্থ্য সেবা<br>কেন্দ্র: ৫৪৫ জন<br>কেন্দ্রের বাহিরে: ১১৬ জন<br>সাধারণ রোগী: ২৮৪৩ জন | | |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, ২০২৩-২৩ অর্থবছরে পিইডিপি৪ এর আওতায় স্লিপ ফান্ড বাবদ ১ম কিস্তিতে ১টি বিদ্যালয়ে ৪২,৫০০/-, ৬টি বিদ্যালয়ে ৩৫০০০/- করে, ৩১ টি বিদ্যালয়ের ১০,৮৫,০০০/-, ১১০টি বিদ্যালয়ে ২৫,০০০/- টাকা করে ১১০ টি বিদ্যালয়ে মোট ২৭,৫০,০০০/- মোট ৩৮,৭৭,৫০০/-বরাদ্দ পাওয়া গিয়েছে। বরদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট বিদ্যালয়ের হিসাব নম্বরে প্রদান করা হয়েছে।<br>২০২৩-২৪ অর্থবছরে পিইডিপি৪ এর আওতায় প্রাক প্রাথমিক শিক্ষন শেখানো উপকরণ ক্রয়/তৈরি ১০,০০০/- টাকা করে ১৪০টি বিদ্যালয়ের অনুকূলে ১৪,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ২টি বিদ্যালয়ে বরাদ্দ পাওয়া যায় নি (মহেশ্বরীপুর শাপলা ও চটকাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়)। বরাদ্দকৃত অর্থ বিদ্যালয়ের হিসাব নম্বরে প্রদান করা হয়েছে।<br>২০২৩-২৩ অর্থবছরে পিইডিপি৪ এর আওতায় বিদ্যালয় প্রতি ২,০০,০০০/- টাকা হিসেবে ৬টি বিদ্যালয়ে সর্বমোট ১২,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা শিক্ষা কমিটিতে প্রাক্কলন অনুমোদনের নিমিত্ত ইতোমধ্যে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা মহোদয়কে প্রাক্কলন প্রস্তুতের নিমিত্ত পত্র প্রেরণ করা হয়েছে। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলায় সকল ভাতা প্রদানের কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২৯/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৮৯ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা এবং ২০২১-২০২২ অর্থ বছরে ৯৭,৪৭০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা এবং ২০২১-২০২২ অর্থবছরে ২৯,১০৩/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অন লাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়া ও বিভিন্ন সমিতি থেকে ১০০ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমান প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পূনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্নায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭১,৪৯৭/- টাকা এবং সুদ আদায় | -- | -- |

<table>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে জিসিএ প্রকল্পের উপকারভোগীদের মাঝে অর্থ বিতরণ কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা নভেম্বর/২০২৩ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><td>বিষয়</td><td>চলতি মাস</td><td>চলতি বছর</td><td>ক্রমপুঞ্জিত</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>১২০</td><td>২১০</td><td>৯০০৮ জন</td><td>টেকাব প্রকল্পের ৪০ জন যুব কম্পিউটার প্রশিক্ষণ নিয়েছেন।</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (আত্নকর্ম)</td><td>২৮০০০</td><td>৭,৯০,০০০/-</td><td>২,০৬,০১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>৪২,৪০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>যুব উদ্যোক্ত ঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২,০০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার</td><td>৯৫%</td><td>৯৫%</td><td>৯৭%</td><td>--</td></tr>
<tr><td>আত্নকর্মীর তথ্য</td><td>০৬</td><td>২১</td><td>৩৪৭০ জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন নিবন্ধন</td><td>০</td><td>০</td><td>১৩ টি</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
</table>
তিনি আরও জানান সামাজিক কর্মকান্ডে ও সেচ্ছাসেবক কাজে যুবদের ভূমিকা শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণ কর্মশালা ২৭/১১/২০২৩ খ্রি. ৩০ জন যুব ও যুব মহিলা নিয়ে সম্পন্ন করা হয়েছে। ঋণ আদায় ও প্রশিক্ষণ স্বাভাবিকভাবে গতিতে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৮.</td><td>উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা।</td><td>অনুপস্থিত।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৯.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা।</td><td>অনুপস্থিত।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>২০.</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ের ঋণ প্রদান, ঋণ আদায় সহ অন্যান্য কার্যক্রম চলমান স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অক্টোবর/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অক্টোবর/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |

| | | |
|---|---|---|
| ০৪. | উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯১/- |
| ০৫. | উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৭/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর অক্টোবর/২০২৩ মাসের মজুরী বিল। | ১১,০০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের অক্টোবর/২০২৩ মাসের মজুরী বিল। | ১২,১০০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর অক্টোবর/২০২৩ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ৩০,১৬৭/- |
| ০৯. | উপজেলা পরিষদের অভ্যন্তরে জরুরী ভিত্তিতে বিদ্যুৎ লাইন মেরামত কাজের ব্যয় বিল। | ৭,৬০০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৩-৭৫(৪৫)

তারিখঃ ৩০-১১-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা..............................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান...................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য...............................,কয়রা, খুলনা।

মোঃ কামাল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd

কয়রা উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসিক সাধারণ সভায়
উপস্থিত সদস্যদের তালিকাঃ

| |
|---|
| ০১। জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| ০২। জনাব মোঃ কামাল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা। |
| ০৩। জনাব কমলেশ কুমার সানা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| ০৪। জনাব নাসিমা আলম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| ০৫। জনাব ডাঃ রেজাউল করিম, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কয়রা, খুলনা। |
| ০৬। জনাব মোঃ আব্দুল্যাহ আল মামুন, উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনার। |
| ০৭। জনাব ডাঃ কাজী মোস্তাইন বিল্লাহ, উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কয়রা, খুলনা। |
| ০৮। জনাব পবিত্র কুমার দাশ, সিনিঃ উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনার প্রতিনিধি। |
| ০৯। জনাব মুহাম্মদ দারুল হুদা, উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা। |
| ১০। জনাব আব্দুল্লাহ আল মামুন, উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কয়রা, খুলনা। |
| ১১। জনাব মোঃ আনোয়ার হোসেন, উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা। |
| ১২। জনাব মোঃ মামন্নুর রশিদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কয়রা, খুলনা। |
| ১৩। জনাব ইস্তিয়াক আহমেদ, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কয়রা, খুলনা। |
| ১৪। জনাব মোঃ শরীফুল ইসলাম, উপজেলা সমাজসেবা অফিসার, কয়রা, খুলনা। |
| ১৫। জনাব তানভীর মাসুদুল হাসান, উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা। |
| ১৬। জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা যুব উন্নয়ন অফিসার, কয়রা, খুলনা। |
| ১৭। জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কয়রা, খুলনা। |
| ১৮। জনাব হরষিত রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা। |
| ১৯। জনাব সোলাইমান হোসেন, উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাউবো আমাদী। |
| ২০। জনাব মোঃ কায়সার রেজা, ডিজিএম, খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, খুলনা। |
| ২১। জনাব জিয়াউর রহমান, চেয়ারম্যান, আমাদী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা। |
| ২২। জনাব মোঃ আব্দুস সামাদ গাজী, চেয়ারম্যান, বাগালী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা। |
| ২৩। জনাব শাহনেওয়াজ শিকারী, চেয়ারম্যান, মহেশ্বরীপুর ইউনিয়ন পরিষদ কয়রা, খুলনা। |
| ২৪। জনাব মোঃ ইউসুফ আলী, প্যানেল চেয়ারম্যান, মহারাজপুর ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা। |
| ২৫। জনাব মোোঃ বাহারুল ইসলাম, চেয়ারম্যান, কয়রা ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা। |
| ২৬। জনাব মোঃ নুরুল ইসলাম সরদার, চেয়ারম্যান, উঃ বেদকাশী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা। |
| ২৭। জনাব মোঃ আছের আলী, চেয়ারম্যান, দক্ষিন বেদকাশী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা। |

অনুপস্থিত সদস্যদের তালিকাঃ

| |
|---|
| ০১। জনাব ইস্তিয়াক আহমেদ, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কয়রা, খুলনা। |
| ০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা। |
| ০৩। জনাব প্রেমানন্দ রায়, উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা। |
| ০৪। জনাব জি এম লোকমান হোসেন, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কয়রা। |
| ০৫। জনাব মনীষ কুমার রায়, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা, খুলনা। |
| ০৬। জনাব মুকুল কুমার সোম, উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা। |
| ০৭। জনাব জেসমিন আকতার, উপজেলা তথ্য আপা, কয়রা, খুলনা। |

৩০/১১/২৩
মোঃ কামাল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)